



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

## একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০৭৩১) ৬৩৬৯৪

স্মারক নং/ পাবিপ্রবি/একা/২১১/৫৬

তারিখ: ০৩/০২/২০২১

### নোটিশ

এতদ্বারা পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের Softloan প্রাপ্ত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইউজিসির নির্দেশনা অনুযায়ী তাদের স্মার্টফোন ক্রয়ের ভাউচার এর মূলকপি অথবা স্ক্যান কপি আগামী ০৯/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের মাধ্যমে একাডেমিক ও স্কলারশিপ শাখায় জমা দেওয়ার জন্য বলা হলো।


### Softloan নীতিমালার আলোকে নিম্নের নির্দেশনা অনুযায়ী ঋণ পরিশোধ করতে হবেঃ

ক) সুদবিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করতে হবে।

খ) জনতা ব্যাংক লিমিটেড, পাবিপ্রবি শাখার অনুকূলে Softloan হিসাব নম্বর ০১০০২২০৩১৪৩২৯-এ ঋণের কিস্তি পরিশোধ করতে হবে।

গ) ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ প্রাপ্তির আবেদনের সঙ্গে বিভাগের সভাপতি ও Softloan অনুমোদন কমিটির সদস্য সচিব এর নিকট থেকে ঋণ পরিশোধের ক্লিয়ারেন্স গ্রহণ করে শিক্ষার্থীকে ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ গ্রহণ করতে হবে।

ঘ) ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা হবে না।

  
(মোঃ সূজা উদ্দিন)

সহকারী রেজিস্ট্রার

একাডেমিক ও স্কলারশিপ শাখা, পাবিপ্রবি  
ও সদস্য সচিব


Softloan অনুমোদন কমিটি, পাবিপ্রবি

স্মারক নং/ পাবিপ্রবি/একা/২১১/৫৬

তারিখ: ০৩/০২/২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১) ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি/ বিজ্ঞান / ব্যবসায় শিক্ষা/ মানবিক ও সামাজিক বিজ্ঞান /জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ, পাবিপ্রবি;
- ২) চেয়ারম্যান, সিএসই/ইইই/গণিত/ব্যবসায় প্রশাসন/ইটিই/আইসিই/পদার্থবিজ্ঞান/অর্থনীতি/ ভূগোল ও পরিবেশ/নগর ও অঞ্চল পরিকল্পনা/ফার্মেসি/পরিসংখ্যান/রসায়ন/বাংলা/ইংরেজি/লোকপ্রশাসন/ইতিহাস ও বাংলাদেশ স্টাডিজ/সমাজকর্ম/ সিভিল ইঞ্জিনিয়ারিং/ ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, পাবিপ্রবি; (উপর্যুক্ত বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে অনুরোধ করা হলো);
- ৩) প্রভোস্ট, (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও শেখ হাসিনা হল), পাবিপ্রবি;
- ৪) প্রক্টর, পাবিপ্রবি;
- ৫) পরিচালক, ছাত্র উপদেষ্টা দপ্তর, পাবিপ্রবি;
- ৬) পরিচালক, আইসিটি সেল, পাবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে নোটিশটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
- ৭) পি এস টু ভিসি, (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
- ৮) পি এ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), পাবিপ্রবি;
- ৯) অফিস কপি।

  
(মোঃ সূজা উদ্দিন)

সহকারী রেজিস্ট্রার

একাডেমিক ও স্কলারশিপ শাখা, পাবিপ্রবি  
ও সদস্য সচিব

Softloan অনুমোদন কমিটি, পাবিপ্রবি